

## আগামী প্রজন্ম চাঁদে পর্যটনের স্বপ্ন দেখবে

- A Monitor Desk Report

Date: 24 August, 2023



ভারতের চন্দ্রযান-৩ সফলভাবে চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করেছে। বুধবার (২৩ আগস্ট) সন্ধ্যা ৬টা ৩৪ মিনিটে এটি চন্দ্রপৃষ্ঠে অবতরণ করে। এর আগে কোনো দেশ চাঁদের দক্ষিণ মেরুতে সফট ল্যান্ডিং করতে পারেনি। চাঁদের এই অঞ্চল সবসময় অন্ধকার এবং ছাঁয়াযুক্ত থাকায় বিজ্ঞানীরা এখানে পানির উৎস থাকতে পারে বলে জানিয়েছেন। এই অংশে মিশন পাঠানোর মূল উদ্দেশ্য ছিল পানির সন্ধান।

চন্দ্রযান-৩ এর সফলতার পর দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ‘ভারতের সফল চন্দ্রাভিযান শুধু ভারতের একার নয়। মিশনটি মানবজগতে উন্নতির এবং এর সাফল্য সমগ্র মানবজাতির জন্য।’

বিজ্ঞানীদের শুভেচ্ছা জানিয়ে মোদি বলেন, ‘আমার বিশ্বাস আমাদের আগামী প্রজন্ম চাঁদে পর্যটনের স্বপ্ন দেখবে। দূরের চাঁদমামা ‘ট্যুরের’র চাঁদমামা হবে।’

মোদি বলেন, ‘আমরা পৃথিবীর মাটিতে দাঁড়িয়ে স্বপ্ন দেখেছিলাম। চাঁদে গিয়ে সেই স্বপ্ন পূরণ করলাম। এ হলো ভারতের উদীয়মান ভাগ্যের উদয়। সাফল্যের অমৃত বর্ষ। আমি জানি ভারতের ঘরে ঘরে এখন উৎসব হচ্ছে। আমিও মনে মনে সেই উৎসবে আমার পরিবারজন আমার দেশবাসীর সঙ্গে যোগ দিয়েছি।’

ভারতের প্রধানমন্ত্রী অবতরণ দেখার জন্য দক্ষিণ আফ্রিকা থেকে লাইভ স্ট্রিমে ইসরোর সঙ্গে যুক্ত হন। বর্তমানে ব্রাজিল, রাশিয়া, দক্ষিণ আফ্রিকা ও চীনের নেতাদের সঙ্গে ব্রিকস রাজনৈতিক সম্মেলনে যোগ দিতে জোহানেসবার্গে রয়েছেন মোদি।

**আরও পড়ুন:** [মুখোমুখি দুই উড়োজাহাজ, নারী পাইলটের তৎপরতায় রক্ষা পেল ৩০০ প্রাণ](#)

চন্দ্র অভিযানে মার্কিন যুক্তরাষ্ট্র, চীন এবং তৎকালীন সোভিয়েত ইউনিয়নের সাফল্যের পর চতুর্থ দেশ হিসেবে তালিকায় নাম লিখিয়েছে ভারত। চাঁদের মাটি স্পর্শ করা ঐতিহাসিক মুহূর্তটি উদযাপন করতে উৎসুক ভারতীয় জনতা সমবেত হয়। ইসরোর অফিসিয়াল ইউটিউব চ্যানেলে পুরো ঘটনা সরাসরি সম্প্রচার করা হয়।

চন্দ্রযান-৩ মিশনটি ১৪ জুলাই শ্রীহরিকোটা থেকে উৎক্ষেপণ করা হয়েছিল। এর মধ্যে থাকা ল্যান্ডার বিক্রম প্রতি সেকেন্ডে ১ দশমিক ৬৮ কিলোমিটার বেগে চাঁদের পৃষ্ঠের দিকে নামতে থাকে।

এর আগে ২০১৯ সালে চন্দ্রযান-২ মিশন পাঠিয়েছিল ভারত, তবে তা ব্যর্থ হয়। ভারতীয় মহাকাশ সংস্থা ইসরো বলেছে, কোনো সমস্যা ছাড়াই যানটি সফলভাবে অবতরণ করবে। চন্দ্রযান-২ এর মিশনের ব্যর্থতা থেকে তারা শিক্ষা নিয়ে নতুনভাবে এই চন্দ্রযান-৩ পাঠিয়েছে।

**-B**